



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয় আইন বিভাগ আয়োজিত 'বঙ্গবন্ধুর আইন ও মানবাধিকার' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত

মুজিব শতবর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় আইন বিভাগ কর্তৃক আয়োজিত 'বঙ্গবন্ধুর আইন ও মানবাধিকার' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। ৬ আগস্ট ২০২২ তারিখ বিকাল ৪:৩০ টায় এ ওয়েবিনারটি অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন অ্যাটর্নি জেনারেল আবু মোহাম্মদ আমিন উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টে ব্যক্তি বঙ্গবন্ধুকে হত্যা করা হয়েছে; বঙ্গবন্ধুর আদর্শকে হত্যা করা যায়নি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিকে আইন ও মানবাধিকার সম্পর্কে একটি স্বয়ংসম্পূর্ণ সংবিধান উপহার দিয়ে গেছেন। তিনি সাধারণ মানুষের সব রকমের অধিকার নিশ্চিত করেছেন সংবিধানের মাধ্যমে। আমরা যদি বঙ্গবন্ধুর আদর্শ অনুযায়ী জীবনধারণ করতে চাই তাহলে আমাদেরকে অবশ্যই সংবিধান অনুযায়ী চলতে হবে। তবেই বঙ্গবন্ধুর দেখানো পথে তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলা সম্ভব। ওয়েবিনারে সভাপতির বক্তব্যে উপাচার্য মহোদয় জাতির পিতার প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, বঙ্গবন্ধু বাল্যকাল থেকেই মানবিক মূল্যবোধ সম্পূর্ণ ছিলেন। ১৯৭২ সালে দেশে ফিরে বঙ্গবন্ধু যে দিকনির্দেশনামূলক বক্তব্য দিয়েছিলেন তাতে যেমন ছিলো বঙ্গবন্ধুর মানবাধিকার দর্শন একই সাথে ছিলো দেশ পরিচালনার দিকনির্দেশনা। 'জয় বাংলা' স্লোগানটিও বঙ্গবন্ধুর একটি দর্শন। এর মাধ্যমে বঙ্গবন্ধু সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জয়ের কথা বলেছেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আইন বিভাগের চেয়ারম্যান সহকারী অধ্যাপক মো. সাদেকুর রহমান। ওয়েবিনারে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, শিক্ষকমণ্ডলী, বিভিন্ন দপ্তর প্রধান ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ যুক্ত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়